DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) ৷ তৈরি: 16 Aug 2026, 12:05 PM

সারাদেশ

# বিজয়নগরে ৯৫৮ বোতল ভারতীয় ইস্কফ আটক

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি:
প্রকাশের তারিখ: রোববার, ১৬ আগস্ট ২০২৬, ০৩:৪০ PM




সংগৃহীত ছবি

ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগরে অভিযান চালিয়ে ৯৫৮ বোতল ভারতীয় ইস্কফ আটক করেছে সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি)।

রোববার (১৬ আগস্ট) বিকেল সাড়ে ৪টার দিকে সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি)-এর সিংগারবিল বিওপির বিশেষ টহলদল গোপন সংবাদের ভিত্তিতে বিজয়নগর উপজেলার নোয়াবাদী এলাকায় অভিযান চালায়।

বিজিবি জানায়, সীমান্ত পিলার ২০১৬/এমপি থেকে আনুমানিক ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে নোয়াবাদী এলাকায় টহলদলটি ফাঁদ পেতে অবস্থান করছিল। এ সময় ৮ থেকে ৯ জন ব্যক্তিকে মাথায় বস্তা নিয়ে ভারত থেকে বাংলাদেশের দিকে আসতে দেখা যায়। বিজিবির টহলদল তাদের ধাওয়া করলে তারা মাথায় থাকা বস্তাগুলো ফেলে দৌড়ে পালিয়ে যায়।

পরে বিজিবির সদস্যরা ঘটনাস্থল থেকে আটটি চটের বস্তা উদ্ধার করেন। বস্তাগুলোর ভেতরে কার্টনের মধ্যে কসটেপ দিয়ে অভিনব কায়দায় লুকিয়ে রাখা ৯৫৮ বোতল ইস্কফ পাওয়া যায়।

বিজিবি জানিয়েছে, আটক করা মালিকবিহীন ইস্কফের বিষয়ে ব্রাহ্মণবাড়িয়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। পরবর্তীতে ধ্বংসের জন্য এগুলো ব্যাটালিয়ন সদরে জমা দেওয়ার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি)-এর দায়িত্বপূর্ণ ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর ও আখাউড়া এবং হবিগঞ্জের মাধবপুর উপজেলা সীমান্তে নিরাপত্তা রক্ষা ও চোরাচালান প্রতিরোধে বিজিবির অভিযান ও গোয়েন্দা তৎপরতা অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় সীমান্তবর্তী এলাকায় অভিযান চালিয়ে এসব মাদকদ্রব্য আটক করা হয়েছে বলে জানিয়েছে বিজিবি।

---

## এ বিভাগের আরও খবর




**শিগগিরই ১ লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগ : স্বাস্থ্যমন্ত্রী**
ফ্যাসিস্ট সরকারের রেখে যাওয়া অবহেলিত স্বাস্থ্য খাতে শৃঙ্খলা ফেরাতে সরকার কাজ করছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। ত...



**৮৭ বছরেও জালশুকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নির্মিত হয়নি নিজস্ব সড়ক**
ব্রাহ্মণবাড়িয়ার নবীনগর উপজেলার বড়াইল ইউনিয়নের জালশুকা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যাতায়াতের জন্য ৮৭ বছরেও নির্মিত হয়নি কোনো নিজস্ব সড়ক। ফলে প্...



### বন্ধুদের সঙ্গে ঘুরতে গিয়ে প্রাণ গেল কলেজ ছাত্রের

ব্রাহ্মণবাড়িয়া থেকে বন্ধুদের সঙ্গে সিলেটের কোম্পানীগঞ্জের সাদাপাথর পর্যটনকেন্দ্রে ঘুরতে গিয়ে মাইনুল ইসলাম রিফাত (২১) নামে এক কলেজ ছাত্রের মৃ...

---




### আমির হামজার গাড়িবহরে হামলা: সংবাদ সম্মেলনে ২৪ ঘণ্টার মধ্যে গ্রেপ্তারের আল্টিমেটাম

কুষ্টিয়া-৩ (সদর) আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজার গাড়িবহরে বর্বরোচিত ও অতর্কিত হামলার তীব্র প্রতিবাদ ও জড়িতদের দ্রুত গ্রেপ্তারের দাবিতে জর...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/bijyngre-958-botl-bhartiy-iskf-atk